



কারিগরি শিক্ষাবোর্ডের পরীক্ষা আজ শুরু

ইত্তেফাক রিপোর্ট ॥ আজ বৃহস্পতিবার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিগ্রীমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষা দেশের ২০টি সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট কেন্দ্রে এবং ৪৫টি বেসরকারী পলিটেকনিক প্রতিষ্ঠান কেন্দ্রে একযোগে আরম্ভ হচ্ছে। ডিগ্রীমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষা কার্যক্রমের ৫ম, ৩য় ও ১ম পর্বের এই ফাইনাল পরীক্ষায় প্রায় ২০ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। নকলমুক্ত পরিবেশে এই পরীক্ষা গ্রহণ করার জন্য পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষকগণ আহবান জানিয়েছেন। শিক্ষক সমিতির সভাপতি শাখাওয়ার হোসেন মোল্লা ও সাধারণ সম্পাদক শাহসূর রহমান এক বিবৃতিতে এই পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পর্যাট নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ ও শিক্ষকগণের সুষ্ঠু দায়িত্ব পালনের উন্নত পরিবেশ রক্ষার আহবান জানান।